

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৪৬

ধর্মনগর, ১১ ডিসেম্বর, ২০২৩

ধর্মনগরে ভোটার সচেতনতা শিবিরের কর্মসূচি

ধর্মনগর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন ও ভোটার ভেরিফাইড পেপার অডিট ট্রায়াল ব্যবহার করে ভোটদান পদ্ধতি সম্পর্কিত সচেতনতা শিবির করার উদ্যোগে নেওয়া হয়েছে। মহকুমার চারাটি বিধানসভা কেন্দ্র ছাড়াও ধর্মনগর মহকুমা শাসক কার্যালয়ে এই সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হবে। চলতি ডিসেম্বর মাসের ১৫ তারিখ থেকে এই কর্মসূচি শুরু হবে এবং ২০২৪ সালের ৩ জানুয়ারী পর্যন্ত চলবে। কর্মসূচি অনুযায়ী ৫৪ কদমতলা কুর্তি বিধানসভা কেন্দ্রের মহেশপুর বাজারে ১৫ ডিসেম্বর, সরলা বাজারে ১৬ ডিসেম্বর, ব্রজেন্দ্রনগর বাজারে ১৮ ডিসেম্বর, রানীবাড়ি বাজারে ১৯ ডিসেম্বর, চুড়াইবাড়ি বাজারে ২০ ডিসেম্বর, প্রেমতলা বাজারে ২১ ডিসেম্বর এবং কদমতলা বাজারে ২২ ডিসেম্বর এই শিবিরগুলি অনুষ্ঠিত হবে। ৫৫ বাগবাসা বিধানসভা কেন্দ্রে ইচাইলালছড়া বাজারে ১৫ ডিসেম্বর, নতুনবাজারে ১৬ ডিসেম্বর, কালাছড়া বাজারে ১৮ ডিসেম্বর, শনিছড়া বাজারে ১৯ ডিসেম্বর, বাগবাসা বাজারে ২০ ডিসেম্বর, মিশনটিলা বাজারে ২১ ডিসেম্বর ও ধর্মনগর কলেজ চৌমুহনীতে ২২ ডিসেম্বর এই শিবির অনুষ্ঠিত হবে। ৫৬ ধর্মনগর বিধানসভা কেন্দ্রে ধর্মনগর টাউন বাজারে ২৬ ডিসেম্বর, আলগাপুর বাজারে ২৭ ডিসেম্বর, থানা রোড বাজারে ২৮ ডিসেম্বর, চন্দপুর বাজারে ২৯ ডিসেম্বর, নয়াপাড়া স্ট্যান্ডে ৩০ ডিসেম্বর, পদ্মপুর বাজারে ২০২৪ সালের ১ জানুয়ারী, মনতলা পয়েন্ট বাজারে ২ জানুয়ারি এবং রাজবাড়ি বাজারে ৩ জানুয়ারি এই সচেতনতা শিবির অনুষ্ঠিত হবে। ৫৭ যুবরাজনগর বিধানসভা কেন্দ্রে তিলথই বাজারে ২৬ ডিসেম্বর, জুরকালভাট বাজারে ২৭ ডিসেম্বর, উপ্পাখালি বাজারে ২৮ ডিসেম্বর, আনন্দবাজারে ২৯ ডিসেম্বর, হাফলং বাজারে ৩০ ডিসেম্বর এবং দেওয়ানপাশা কাঠের মিলের কাছে ১ জানুয়ারী ২০২৪ এই শিবিরগুলি অনুষ্ঠিত হবে। এছাড়াও ধর্মনগর মহকুমা শাসকের কার্যালয়ে ১৫ ডিসেম্বর থেকে ২০২৪ সালের ৩ জানুয়ারী পর্যন্ত এই শিবিরগুলি চলবে। প্রতিদিন সকাল ১১টায় এই শিবিরগুলি শুরু হবে।
